



BKMEA

Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ১০০০/জ্বালানি/০৪/২০২৬/০০০৬৮

১৫ এপ্রিল, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : আমেরিকা-ইরান যুদ্ধ ও বৈশ্বিক ভূ-রাজনৈতিক অস্থিরতার প্রেক্ষাপটে বিকেএমইএ'র সদস্য কারখানাসমূহের উৎপাদন কার্যক্রম সচল রাখতে প্রয়োজনীয় জ্বালানি সংক্রান্ত তথ্য প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,
বিকেএমইএ'র শুভেচ্ছা গ্রহণ করুন।

বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক মন্দা এবং ভূ-রাজনৈতিক অস্থিরতার প্রেক্ষিতে দেশের জ্বালানি খাতে সংকট সৃষ্টি হয়েছে। উক্ত পরিস্থিতি মোকাবিলায় বিকেএমইএ'র সভাপতি মাননীয় জ্বালানী মন্ত্রী মহোদয় ও বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)-এর চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সাক্ষাৎ করে জরুরি ভিত্তিতে নিটওয়ার খাতের সদস্য কারখানাসমূহে চাহিদা অনুযায়ী জ্বালানি সরবরাহ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

এর প্রেক্ষিতে বিপিসি'র পক্ষ থেকে সদস্য প্রতিষ্ঠানের প্রয়োজনীয় তথ্য (যেমন: জেনারেটর ও বয়লারের সংখ্যা, সংশ্লিষ্ট ফিলিং স্টেশনের নাম ও অবস্থান, জ্বালানির চাহিদা ইত্যাদি) এবং জ্বালানি সংগ্রহকারী কর্মকর্তার নাম, পদবী ও ছবি সম্বলিত তালিকা প্রদান করার অনুরোধ জানিয়েছেন।

উল্লিখিত অবস্থার প্রেক্ষিতে, বিকেএমইএ কর্তৃক একটি তথ্য ফরম তৈরী করা হয়েছে যা আপনার নিকট প্রেরণ করা হলো। অনুগ্রহপূর্বক আগামী ২০ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে উক্ত তথ্য ফরমটি সঠিকভাবে পূরণ করে দাখিল করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

তথ্য প্রদানের গুগল ফরমের লিংক: <https://forms.gle/vWQrUzJVAGUJ3ooF9>

সংগৃহীত তথ্যাদি যাচাই-বাছাই সাপেক্ষে সরকার এবং সংশ্লিষ্ট অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে আলোচনা করে জ্বালানি প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে।

অতএব, নির্ধারিত সময়সীমার মধ্যে নির্ভুল তথ্য প্রদানপূর্বক প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

মোঃ মাহাবুবুর রহমান

সচিব (অবপ্রাপ্ত)

বিকেএমইএ

Head Office : BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.

Phone : +880 2 224437646, E-mail : info@bkmea.com

Dhaka Office : Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh.

Phone : +880 2 223362257, E-mail : info@bkmea.com

Chattogram Office : S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chattogram, Bangladesh.

Phone : +88 02 333324342, +88 02 333324345, +02 333324726, E-mail : bkmeactg@bfts.net

Log on : www.bkmea.com